



বাংলাদেশে রাজনৈতিক দল নিষিদ্ধের আইনে উদ্বেগ প্রকাশ করেছে জাতিসংঘ



সংগৃহীত ছবি

জাতিসংঘের মানবাধিকার বিষয়ক হাইকমিশনার ফলকার টুর্ক বাংলাদেশের বর্তমান অন্তর্বর্তী সরকার রাজনৈতিক দল, সংগঠন এবং সংশ্লিষ্ট সকল কার্যক্রম নিষিদ্ধ করার যে আইন অনুমোদন দিয়েছে তা নিয়ে উদ্বেগ জানিয়েছেন।

গতকাল সোমবার জাতিসংঘের ৫৯তম মানবাধিকার কাউন্সিলের উদ্বোধনী অনুষ্ঠানে বিশ্বব্যাপী সমসাময়িক আপডেট প্রদানের সময় জাতিসংঘের মানবাধিকার হাইকমিশনার এই উদ্বেগ জানান।

স্বৈরাচার হাসিনার আমলে জোরপূর্বক গুমের ঘটনা গুলে তদন্তে জাতিসংঘের বিশেষজ্ঞ টিমকে সহায়তা করায় হাইকমিশনার অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টার প্রশংসা করেন। তিনি আরও আশা করেন, গুম বিষয়ে তদন্তের জন্য একটি অফিস শীঘ্রই একটি চুক্তিতে পৌঁছাবে বলে আশা প্রকাশ করেছে।

পাশাপাশি হাইকমিশনার বাংলাদেশের অন্তর্বর্তীকালীন সরকার এবং ক্রিয়াশীল রাজনৈতিক দলগুলির সংলাপের মাধ্যমে চলমান অগ্রগতির বিষয়ে নিজের উৎসাহের কথা জানান। টুর্ক বলেন, ‘আমি সংস্কারের ক্ষেত্রে অর্থপূর্ণ অগ্রগতির আহ্বান জানাই, যাতে অবাধ ও অন্তর্ভুক্তিমূলক নির্বাচনের পরিবেশ তৈরি করা যায়।’